AKASHVANI SILCHAR

REGIONAL NEWS UNIT

MORNING NEWS BULLETIN

BENGALI

DATE: 21 Jun. 25 TIME: 7:35 AM

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যোগ সমগ্র বিশ্বকে এক সূত্রে বাঁধতে সহায়তা করেছে ।আজ অন্ধ্রপ্রদেশের বিশাখাপত্তনমের রামকৃষ্ণ বীচে একাদশ আন্তর্জাতিক যোগ দিবসের মূল কার্যসূচীতে অংশগ্রহণ করে প্রধানমন্ত্রী এই দিবস উপলক্ষে জনসাধারণের প্রতি শুভেচ্ছা জ্ঞাপন করেন ।প্রধানমন্ত্রী বলেন --------- বাইট

প্রধানমন্ত্রী এই দিবসের মূল কার্যসূচী অন্ধ্রপ্রদেশে আয়োজন করার জন্য অন্ধ্রপ্রদেশের মুখ্যমন্ত্রী চন্দ্রবাবু নাইডুর প্রশংশা করেন ।তিনি বলেন যে যখন বিশ্বের বিভিন্ন প্রান্তে অশান্তির পরিবেশ বিরাজ করছে তখন যোগ আমাদেরকে শান্তির পথ দেখায় ।যোগবিজ্ঞানকে আধুনিক চিকিৎসা পদ্ধতিতে স্থান দিতে ভারত প্রয়াস করছে বলে প্রধানমন্ত্রী জানান ।মানসিক তথা শারিরীক স্বাস্থ্যের উন্নতিতে যোগ এক বিশেষ ভূমিকা পালন করছে বলে তিনি উল্লেখ করেন ।দেশে স্থূলতা বা ওবেসিটি বৃদ্ধির হারের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করে তিনি বলেন যে স্থূলতা হ্রাস করতে খাদ্যাভ্যাস পরিবর্তন সহ যোগব্যায়াম অত্যন্ত জরুরী ।তিনি যোগকে জন আন্দোলনে পরিণত করতে জনসাধারণের প্রতি আহ্বান জানান ।প্রধানমন্ত্রীর সঙ্গে কয়েক লক্ষ লোক

আজ যোগদিবসের মূল অনুষ্ঠানে যোগব্যায়াম কার্যসূচীতে অংশগ্রহণ করেন ।

---

সমগ্র রাজ্যেও আজ আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে বিভিন্ন কার্যসূচী পালন করা হচ্ছে ।রাজ্যের শিক্ষা প্রতিষ্ঠান , সরকারী বেসরকারী সংস্থা সংগঠনের পক্ষ থেকে আজ যোগ শিবির , যোগ ব্যায়াম প্রদর্শন ইত্যাদি অব্যাহত রয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ বাক্সা জেলায় যোগ দিবসের কার্যসূচীতে মুখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করেন ।

---

বরাক উপত্যকার তিন জেলায় আজ উৎসাহ ও উদ্দীপনায় একাদশ আন্তর্জাতিক যোগ দিবস পালিত হচ্ছে ।কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে শিলচর ইন্ডিয়া ক্লাবের ইন্ডোর স্টেডিয়ামে আজ যোগ দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এবছর যোগ দিবসের ভাবনা হচ্ছে- যোগ ফর ওয়ান আর্থ, ওয়ান হেলথ । অনুষ্ঠানে বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই , সাংসদ পরিমল শুক্লবৈদ্য মুখ্য অতিথি হিসেবে উপস্থিত রয়েছেন । অনুষ্ঠান শুরু হয় সকাল সাড়ে পাঁচটায় । এরপর সকাল সাড়ে ৬টা থেকে বড় পর্দায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর যোগব্যায়াম কার্যসূচী এবং প্রধানমন্ত্রীর ভাষণ সরাসরি সম্প্রচার করা হয় ।এছাড়া যোগব্যায়াম প্রদর্শনের আয়োজন করা হয় ।এরপর রয়েছে পুরষ্কার বিতরনী অনুষ্ঠান ।

---

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে এবং জেলার স্বাস্থ্য বিভাগের সহযোগীতায় আজ শ্রীভূমি শহরের বিপিন পাল সভাগৃহে যোগ দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানের আয়োজন করা হয় । আজ সকাল ৭টা থেকে যোগ ব্যায়াম

প্রর্দশন শুরু হয়েছে ।অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত রয়েছেন রাজ্যের পশুপালন ও  পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল ।

এদিকে হাইলাকান্দি জেলায় আর্ন্তজাতিক যোগ দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠান আজ হাইলাকান্দি টাউন হলে অনুষ্ঠিত হচ্ছে ।এই দিবস উপলক্ষে আজ সকাল ৬ টায় যোগ শিবিরের উদ্বোধন করা হয়েছে ।এরপর সকাল সাড়ে ৬ টা থেকে বড় পর্দায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর যোগাসন সরাসরি সম্প্রচার করা হয় ।অনুষ্ঠানের শেষ পর্বে সম্প্রতি আয়োজিত যোগব্যায়াম প্রতিযোগিতার বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হবে ।অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত রয়েছেন সাংসদ কৃপানাথ মালহা ।এছাড়া জেলার সব শিক্ষা প্রতিষ্ঠান ,খন্ড উন্নয়ন কার্যালয়গুলোতে আজ যোগ দিবস উপলক্ষে নানা কার্যসূচী পালন করা হচ্ছে ।

---

রাজ্যের পশুপালন ও পশু চিকিৎসা , মৎস্য ও লোকনির্মাণ বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল গতকাল কাছাড় জেলা প্রশাসন কার্যালয়ে আয়োজিত এক বৈঠকে জেলার উন্নয়নমূলক বিভিন্ন প্রকল্পের পর্যালোচনা করেন  ।সভায় আত্মনির্ভর আসামের বাস্তবায়ন ,হারাং সেতুর ধ্বংসপ্রাপ্ত অংশের পুনরনির্মাণ, ঘুঙুরের পুরনো দুগ্ধ প্রক্রিয়াকরণ কারখানার পুনর্জাগরণ ,সম্প্রসারণ ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় । সভায় পশুপালন বিভাগের তত্বাবধানে বরাক উপত্যকায় দৈনিক এক লক্ষ লিটার ক্ষমতা সম্পন্ন দুগ্ধ প্রক্রিয়াকরণ ইউনিট স্থাপন করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে । সভায় মন্ত্রী কৌশিক রাই , বিধায়ক দিপায়ন চক্রবর্তী  , মিহির কান্তি সোম , জেলা আয়ুক্ত মৃদুল যাদব প্রমুখ উপস্থিত ছিলেন ।

---

শিলচরে একটি যাত্রীবাহী বাস থেকে গতকাল বার্মিজ সিগারেট সহ বহু অবৈধ সামগ্রী বাজেয়াপ্ত করা হয়েছে ।কাছাড়ের পুলিশ সুপার নোমাল মাহাত্ত জানান যে গোপণ সূত্রের খবরের ভিত্তিতে একটি যাত্রীবাহী বাসে অভিযান চালিয়ে এই সামগ্রী উদ্ধার করা হয়। বাসটি মণিপুর থেকে মিজোরাম হয়ে শিলচর আসছিল ।কাছাড় পুলিশ এই ঘটনায় জড়িত সন্দেহে তিনজন সরবরাহকারীকে গ্রেপ্তার করেছে ।ঘটনা সম্পর্কে পুলিশ সুপার জানান ----

বাইট

---